

## বর্ডার গার্ড বাংলাদেশ

### প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০১৯

### ‘সীমান্ত ডাটা সেন্টার’ এর শুভ উদ্বোধন

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর আভিযানিক কার্যক্রমকে আধুনিক, যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে পিলখানাস্থ বিজিবি সদর দপ্তরে স্থাপিত ‘সীমান্ত ডাটা সেন্টার’ এর উদ্বোধন করা হয়েছে। আজ সকাল ১০ ঘটিকায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, এনডিসি, পিএসসি সীমান্ত ডাটা সেন্টারের উদ্বোধন করেন। এসময় বিজিবি’র অতিরিক্ত মহাপরিচালকবৃন্দ, সীমান্ত ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক, সীমান্ত ওয়েলফেয়ার ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক এবং বিজিবি’র উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বিজিবিতে প্রথমবারের মতো স্থাপিত সর্বাধুনিক প্রযুক্তির এই ডাটা সেন্টার বিজিবি’র আভিযানিক এবং প্রশাসনিক কর্মকান্ড আরো দ্রুত ও নির্ভুলভাবে সম্পন্ন করতে সহায়তা করবে। সীমান্ত ডাটা সেন্টার হতে বিজিবি’র নিজস্ব ওয়েব সাইট হোস্টিং করা সহ বিভিন্ন এপ্লিকেশন পরিচালনা করা হয়ে থাকে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো এক্সচেঞ্জ সার্ভিস, বিজিবি’র নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য রিক্রুটিং সার্ভিস, অডিও ও ভিডিও কনফারেন্স সার্ভিস এবং ডিএমআর। সীমান্ত এলাকায় অতিরিক্ত নজরদারী সহ যোগাযোগের জন্য রয়েছে বর্ডার সার্ভেইল্যান্স সিস্টেম, পেট্রোল ড্র্যাকার সিস্টেম, বর্ডার ম্যানেজমেন্ট সার্ভিস, বিজিবি মেইল সার্ভিস, এ্যাকটিভ ডাইরেক্টরি ইত্যাদি। সীমান্ত ডাটা সেন্টারের অন্যতম বৈশিষ্ট্য হলো এর মাধ্যমে বিজিবি’র সকল আইটি অ্যাপ্লিকেশন ও সিস্টেম কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণ করা যাবে। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকারের সাথে তাল মিলিয়ে সীমান্ত ডাটা সেন্টার স্থাপনের মধ্য দিয়ে বিজিবি ডিজিটাল সক্ষমতা অর্জনের পথে আরেক ধাপ এগিয়ে গেল। উল্লেখ্য, প্রাকৃতিক বা অন্য কোন কারণে দুর্ঘটনাবশতঃ এই ডাটা সেন্টারের কোন প্রকার ক্ষতি সাধিত হলেও এর ফলশ্রুতিতে কোন ডাটা যেন নষ্ট না হয় সে লক্ষ্যে আরও বৃহৎ কলেবরে যশোরে একটি ডাটা রিকভারী সাইট স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।